# রাজশাহী, চট্টগ্রাম, কুমিল্লা, বরিশাল বোর্ড-২০১৮

ইসলাম শিক্ষা দ্বিতীয় পত্র | বিষয় কোড: ২৫০

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | মান — ৭০

[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।]

১. ▶ অধ্যাপক ইলিয়াস শ্রেণিকক্ষে কুরআনের দুটি আয়াত নিয়ে আলোচনা করেন। প্রথম আয়াতে পাপাচার থেকে আত্মরক্ষা ও পরকালে মুক্তির গুণসম্পন্ন ব্যক্তিদের বৈশিষ্ট্য বর্ণিত হয়েছে। অতঃপর দ্বিতীয় আয়াতে অনন্ত জীবনের জবাবদিহিতার প্রতি অনীহা প্রদর্শন ও স্রষ্টার প্রতি আস্থাহীনদের পরিণতির কথা ব্যক্ত হয়েছে।

ختم الله على قلوبهم وعلى سمعهم وعلى ابصارهم غشاوة ولهم عذاب عظيم-

ক. আল কুরআন কী? ১

খ. الم এর মর্মার্থ কী? ২

গ. অধ্যাপক ইলিয়াস সাহেবের ১ম বক্তব্যে কাদেরকে চিহ্নিত করা হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. অধ্যাপক ইলিয়াসের ২য় বক্তব্যে বর্ণিত ব্যক্তিদের চিহ্নিত করে তাদের করুণ পরিণতি বর্ণনা করো। ৪

২. ▶ প্রভাবশালী ব্যক্তি জনাব আশরাফ আলী তার এলাকায় একজন মোড়ল নিয়োগ করতে চাইলে এলাকার সাধারণ জনগণ বিভিন্ন অজুহাত উত্থাপন করে বলেন, তিনি সমাজে বিশৃঙ্খলা সৃষ্টি করতে পারেন বলে তাদের ধারণা ও অপরদিকে মাওলানা আকবর ইসলামি জলসায় জনৈক নবি (স) এর জান্নাতে থাকা ও বহিষ্কার হওয়া সম্বন্ধে বক্তব্য দিতে গিয়ে বলেন— "তাঁর একটিমাত্র ভুলের কারণে তাকে বহুদিন অনুতাপ করতে হয় এবং আল্লাহর শেখানো একটি বাক্যের বদৌলতে তিনি মুক্তি পান।"

ক. ইসরাইল শব্দের অর্থ কী? ১

খ. 'মান্না' ও 'সালওয়া' বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের ঘটনাটি কুরআনের কোন আয়াতের ঘটনার সাথে সামঞ্জস্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩

ঘ. মাওলানা আকবরের বক্তব্যের নবীকে চিহ্নিত করে তাঁর মুক্তি পাওয়ার বিষয়টি সবিস্তারে আলোচনা করো। ৪

৩. ★ প্রতিবছর বর্ষা মৌসুমে নগর ভবনে বৃক্ষমেলা হয়। জনাব শহিদ উক্ত মেলা থেকে দুই হাজার ফলদ, বনজ ও ঔষধি গাছ ক্রয় করে রাস্তার দুই পাশে সেগুলো রোপণ করেন। অন্যদিকে তার বন্ধু জনাব জাহিদ চিকন চালের সাথে মোটা চাল মিশিয়ে অধিক মুনাফা অর্জন করেন। বিষয়টি জেনে মাওলানা কেরামত বলেন, "এজন্য তাকে পরকালে কঠিন শাস্তি ভোগ করতে হবে।"

ক. التاجر শব্দের অর্থ কী? ১

খ. 'সাদকায়ে জারিয়াহ' বলতে কী বুঝায়? ২

গ. জনাব শহিদের কাজে কোন হাদিসের শিক্ষার প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা করো। ৩


ঘ. জাহিদের কর্মটি চিহ্নিতপূর্বক মাওলানা কেরামতের মন্তব্যটি মূল্যায়ন করো। ৪

৪. ▶ জসিম শান্ত প্রকৃতির ছেলে। একদা কতিপয় দুষ্টু ছেলে তাকে বেত দ্বারা মারপিট করে আহত করে। এ ঘটনা দেখে জনাব কাসিম দুষ্টু ছেলেদের অত্যাচার থেকে তাকে রক্ষা করে উভয়ের মাঝে সমঝোতার চেষ্টা করেন। অপরপক্ষে জসিমের বন্ধু আবিরের চরিত্রে তাস খেলা, জুয়া খেলা, নারীদের উত্যক্ত করা সহ অশ্লীলতায় ভরপুর। এ জন্য অনেকেই তাকে এড়িয়ে চলে। মুফতি এনামুল হক বলেন, "ইসলামে অশ্লীলতার কোনো সুযোগ নেই। এজন্য তাকে শাস্তি পেতে হবে।"

https://teachingbd24.com

ক. 'হাদিস' কী? ১
খ. "জালিম ও মাজলুম" বলতে কী বোঝ? ২
গ. জনাব কাসিমের কর্মকাণ্ডে কোন হাদিসের শিক্ষার প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে আবিরের চরিত্রটি হাদিসের বিবেচনায় চিহ্নিতপূর্বক মুফতি এনামুলের উক্তিটি মূল্যায়ন করো। ৪

৫.▶ প্রদত্ত ছকের আলোকে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:




ক. 'আযীমাত' কী? ১
খ. فاعتبروا يا اولى الابصار আয়াতের মর্মার্থ লেখ। ২
গ. উদ্দীপকে ৩ নম্বর উৎসটি '?' তোমার পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা করো। ৩
ঘ. "উদ্দীপকের ১ নম্বর উৎসটি হাদিস ছাড়া বোঝা অসম্ভব।"— বিশ্লেষণ করো। ৪

৬.▶ প্রতিষ্ঠিত ধনাঢ্য ব্যবসায়ী জনাব ইমরান প্রতি বছর সম্পদের হিসাব করে একটি নির্দিষ্ট অংশ দ্বারা রিক্সা, ভ্যান, সেলাই মেশিন ইত্যাদি কিনে দরিদ্র, অভাবী, বেকার যুবক ও যুবতীর মাঝে বিতরণ করেন। পক্ষান্তরে তার বন্ধু জনাব ইরফান শেষ রাতে পানাহার করে সারাদিন কিছু না খেয়ে সন্ধ্যায় এক গ্লাস শরবত ও তৈলাক্ত খাবার খান। মাওলানা শফিক বলেন— "তার এ কর্মের প্রতিদান বিচার দিবসে মহান আল্লাহ নিজ হাতে তাকে দান করবেন।"

ক. 'হজ' কী? ১
খ. "সালাত মুমিনের জন্য মিরাজ স্বরূপ।"(الصلوة معراج المؤمنين) হাদিসাংশটুকু ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে জনাব ইরফানের কর্মকাণ্ডে ইসলামের কোন ইবাদতটি প্রস্ফুটিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে জনাব ইরফানের ইবাদতটি চিহ্নিত করে মাওলানা শফিকের মন্তব্যটি মূল্যায়ন করো। ৪

৭.★ জনাব আজীম একজন সম্পদশালী ব্যক্তি। তিনি একটি মৌলিক ইবাদত পালনের উদ্দেশ্যে সস্ত্রীক একটি বিশেষ দেশে গমন করেন। ইবাদত শেষে দেশে ফিরলে তার প্রতিবেশী জনাব রশিদ বলেন, "এই ইবাদতে আর্থিক ও আত্মীক ত্যাগের শিক্ষাও রয়েছে।"

ক. 'ইবাদত' কী? ১
খ. 'মৌলিক ইবাদত' বলতে কী বুঝায়? ২
গ. জনাব আজীম যে ইবাদত পালন করেছেন, তার আন্তর্জাতিক গুরুত্ব ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত জনাব রশিদের মন্তব্যটি পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ করো। ৪

৮.▶ আসিফ ও আরিফ দুই সহপাঠী। প্রতিদিন দুপুরে ক্লাসের বিরতিতে আসিফ ইবাদতগৃহে গিয়ে অন্যান্যদের সাথে একটি ইবাদত পালন করে। কিন্তু তাঁর বন্ধু আরিফ উক্ত ইবাদতটি আদৌ পালন করে না। তাকে ডাকলে নানা অজুহাত দেখায়। সে অন্য বন্ধুদের সাথে গল্প করে সময় নষ্ট করে। ইমাম সাহেব আসিফকে ধন্যবাদ জানিয়ে বলেন, "উক্ত ইবাদত শুধু অশ্লীলতা ও অন্যায় কাজ থেকেই বিরত রাখে না বরং আনুগত্য, সময়ানুবর্তিতা ও শৃঙ্খলাবোধ শেখায়।

Teachingbd24.com

ক. 'নিসাব' কী? ১
খ. 'জামেউল কুরআন' কাকে ও কেন বলা হয়? ২
গ. আসিফ কোন ইবাদতটি পালন করেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. ইমাম সাহেবের মন্তব্যে কোন শিক্ষাটি ফুটে উঠেছে? বিশ্লেষণ করো। ৪

৯. ▶ বাংলাদেশে রোহিঙ্গা প্রবেশের পর তাদের আশ্রয়কেন্দ্রে একটি ঘটনা ঘটে। ঘটনাটিকে কেন্দ্র করে তাদের নিজেদের মাঝে দ্বন্দ্বের সৃষ্টি হয়। এ সমস্যার সমাধানে তারা একজন ইসলামি চিন্তাবিদ মাওলানা হালিমের শরণাপন্ন হলে তিনি একটি রায় প্রদান করেন। কিন্তু তাতেও দ্বন্দ্ব নিরসন না হয়ে বরং বিষয়টি জটিল আকার ধারণ করে দেশবরেণ্য আলেমগণ মিলে স্বার্থক সিদ্ধান্ত দিলে দ্বন্দ্ব নিরসন হয়।

ক. البقرة (আল-বাকারা) শব্দের অর্থ কী? ১
খ. মাক্কি সুরা বলতে কী বুঝায়? ২
গ. উদ্দীপকে ইসলামি চিন্তাবিদ মাওলানা হালিমের রায় প্রদান ইসলামি আইনের কোন উৎসের ইঙ্গিতবাহী? ব্যাখ্যা করো। ৩
ঘ. আলেমগণের সিদ্ধান্ত প্রদান আল-কুরআন ও হাদিসের আলোকে বিশ্লেষণ করো। ৪

১০. ★ জনাব আলিম দৈনিক ফজর নামাজের পর অর্থসহ কুরআন অধ্যয়ন করেন। তার পিতা তাকে বলেন, আমাদের দৈনন্দিন জীবনে কুরআনের পাশাপাশি এর সম্পূরক শিক্ষা হিসেবে বিবেচিত দ্বিতীয় উৎসও রীতিমত অধ্যয়ন করতে হবে। তবেই ইহকালে ও পরকালে কল্যাণ ও মুক্তি পাওয়া যাবে। অপরদিকে জনাব হালিম কোরআন-হাদিস গবেষণা করে তার বিধি-বিধান সংক্রান্ত পাণ্ডুলিপি রচনা করে এক্ষেত্রে প্রসিদ্ধি লাভ করেন এবং এর আলোকে নিজ জীবন পরিচালনা করেন। অধ্যাপক সালাম বলেন, "তার গবেষণা কর্মটি অত্যন্ত প্রশংসনীয়। আল্লাহ তাকে সূক্ষ্ম জ্ঞানদান করেছেন। তাই সে আল্লাহর কল্যাণ লাভ করবে।"

ক. 'মাযহাব' কী? ১
খ. 'সিহাহ সিত্তাহ' বলতে কী বুঝায়? ২
গ. উদ্দীপকে জনাব আলিমের পিতার উপদেশ কোন বিষয়টির প্রতি ইঙ্গিত দেয়া হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে জনাব হালিমের কর্মটি চিহ্নিত করে অধ্যাপক সালামের মন্তব্যটি মূল্যায়ন করো। ৪

১১. ▶ জনাব জাফর দীর্ঘদিন যাবৎ বিভিন্ন অপকর্মে লিপ্ত থাকে। একদা বন্ধুর সাথে ইসলামি জলসায় গিয়ে বক্তার বক্তৃতা শুনে তার অনুশোচনা আসে। ফলে সে শ্বেত ও পশমি বস্ত্র পরিধান করে প্রভুর সান্নিধ্যলাভের আশায় ইবাদত বন্দেগিতে লিপ্ত হয় এবং পরিশুদ্ধি লাভ করে। অপরদিকে জালালপুর গ্রামের অধিকাংশ মুসলমান একদিকে নামাজ পড়ে অন্যদিকে যেকোনো বিপদে পড়লে নিকটস্থ ওলির মাজারে মান্নত করে। বিষয়টি লক্ষ্য করে স্থানীয় আলেম মাওলানা শিবলী গ্রামবাসীকে বিপদে কেবল আল্লাহর কাছেই সাহায্য চাওয়ার নসিহত করেন।

ক. 'শানে-নুজুল' কী? ১
খ. 'আহলুল ইজমা' বলতে কী বুঝায়? ২
গ. জনাব জাফরের কর্মকাণ্ডে কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. যে সুফির আন্দোলনের সাথে মাওলানা শিবলীর কর্মটি সাদৃশ্যপূর্ণ তা চিহ্নিতপূর্বক তাঁর নসিহতের যথার্থতা মূল্যায়ন করো। ৪

Teachingbd24.com

ইসলাম শিক্ষা দ্বিতীয় পত্র

বিষয় কোড: ২ ৫ ০

সময় — ৩০ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান — ৩০

*বিশেষ দ্রষ্টব্য:— সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।*

১. ★ পবিত্র কুরআনের কোন আয়াতগুলো সর্বপ্রথম অবতীর্ণ হয়?
ক) সুরা ফাতিহার প্রথম পাঁচ আয়াত
খ) সুরা বাকারার প্রথম পাঁচ আয়াত
গ) সুরা মুযযাম্মিল এর প্রথম পাঁচ আয়াত
ঘ) সুরা আলাকের প্রথম পাঁচ আয়াত

২. ★ আল-ইজমা (الاجماع) অর্থ কী?
ক) তুলনা করা খ) একমত হওয়া
গ) গবেষণা করা ঘ) গ্রহণ করা

৩. واياكم والدين فانه هم بالليل ومذلة بالنهار
হাদিসের মর্মার্থ হলো—
ক) কাউকে দীনে বাধ্য করা উচিত নয়
খ) কাউকে অপমান করা উচিত নয়
গ) কাউকে কষ্ট দেয়া উচিত নয়
ঘ) অহেতুক ঋণ করা উচিত নয়

**নিচের উদ্দীপকের আলোকে ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব সালেহ প্রতিবছর একটি নির্দিষ্ট মাসে দিনের বেলা পানাহার এবং সব প্রকারের পাপকাজ থেকে বিরত থাকেন। কালাম সাহেব বললেন, মু'মিনদের এমন আমলও করতে হবে যা অশ্লীল কাজ থেকে মুক্ত রাখে এবং যা পালন করা মি'রাজের সমতুল্য।

৪. জনাব সালেহ এর কাজটি কোন ইবাদতের অন্তর্ভুক্ত?
ক) সালাত খ) সাওম
গ) হজ ঘ) জাকাত

৫. কালাম সাহেবের বক্তব্যে যে ইবাদতের উল্লেখ করা হয়েছে, তার ফলে—
i. আল্লাহর নৈকট্য অর্জন করা যায়
ii. সামাজিক সম্প্রীতি অর্জন করা যায়
iii. অর্থনৈতিক নিরাপত্তা লাভ করা যায়
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii গ) i ও ii ঘ) i, ii ও iii

৬. ★ হাদিস বর্ণনাকারীদের ধারাবাহিকতাকে বলা হয়—
ক) রেওয়াত খ) সনদ গ) মতন ঘ) সুন্নাহ

৭. কোন ইবাদতে বিনয় ও আনুগত্যের পূর্ণ প্রকাশ ঘটে?
ক) জাকাত খ) হজ গ) সাওম ঘ) সালাম

৮. সনদ বিবেচনায় হাদিস কত প্রকার?
ক) দুই খ) তিন গ) চার ঘ) পাঁচ

**নিচের উদ্দীপকের আলোকে ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও:**
মাওলানা আব্দুর রহিম এক সেমিনারে বলেন, ইসলামের অনেক মনীষী ইসলামের মৌলিক বিধিবিধান পালনের পাশাপাশি হৃদয়কে নিষ্কলুষ, জ্যোতির্ময় ও পূতঃপবিত্র করে, মহান আল্লাহর সান্নিধ্য লাভের প্রচেষ্টা চালান। তাঁদের একজন ছিলেন প্রখ্যাত তাবেঈ, যিনি মদিনায় জন্মগ্রহণ করেন। তিনি কঠোর সাধনার ফলে খ্যাতি অর্জন করেন।

৯. উদ্দীপকে উল্লিখিত মনীষী কে?
ক) হযরত আব্দুল কাদের জিলানি (র)
খ) হযরত মুঈনুদ্দীন চিশতি (র)
গ) হযরত হাসান বসরি (র)
ঘ) শাইখ আহমদ সিরহিন্দি (র)

১০. উদ্দীপকে উল্লিখিত মনীষীদের সাধনার ফলে—
i. ইবাদতে একনিষ্ঠতা সৃষ্টি হয়
ii. ফিক্হশাস্ত্রের উদ্ভব হয়
iii. আকাইদ শাস্ত্রের বিকাশ ঘটে
নিচের কোনটি সঠিক?
ক) i খ) i ও ii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১১. আল-কুরআনের সুরা সংখ্যা কত?
ক) ৮৬ খ) ৯২
গ) ১১৪ ঘ) ১২৪

১২. وان كنتم فى ريب مما نزلنا على عبدنا فأتوا بسورة من مثله- وادعوا شهداءكم من دون الله ان كنتم صدقين- আয়াতের অন্তর্নিহিত ভাব—
ক) বিশুদ্ধতা বিষয়ে চ্যালেঞ্জ
খ) অতুলনীয় ও অনুপম ভাষা
গ) বিষয়বস্তুর ব্যাপকতা
ঘ) সব সমস্যার সমাধান

**নিচের উদ্দীপকের আলোকে ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব রবিউল হাসান সালাত, সাওম, হজ, জাকাত ইত্যাদি পালনের ক্ষেত্রে খুঁটিনাটি সমস্যার বিষয়ে একজন বিজ্ঞ আলেমকে প্রশ্ন করলে তিনি বলেন, "ইসলামি পণ্ডিতগণ ব্যাপক গবেষণা করে ফরজ, ওয়াজিব, সুন্নত, মুস্তাহাবসহ নানা বিষয়ের সমাধান বের করেন।" জনাব হাসান বলেন, "এতে তো ভিন্ন ভিন্ন মতের সম্ভাবনা রয়েছে।" তখন উক্ত আলিম বলেন, "এর ফলে শরিয়তে গবেষকদের ভিন্ন ভিন্ন ধারা তৈরি হয়েছে।"

১৩. উদ্দীপকে বর্ণিত পণ্ডিতদের গবেষণার ফলে—
ক) তাজবিদ শাস্ত্রের উদ্ভব হয়
খ) তাসাউফের বিকাশ ঘটে
গ) ফিকাহ শাস্ত্রের উদ্ভব হয়
ঘ) কালাম শাস্ত্রের সৃষ্টি হয়

১৪. উদ্দীপকে আলিমের উল্লিখিত "শরিয়তের ভিন্ন ভিন্ন ধারা" সৃষ্টির ফলে—
i. ইবাদত পালনে বৈচিত্র্য আসে
ii. মাসায়েল উদ্ভাবন সহজ হয়
iii. শরিয়তে বিশৃঙ্খলা সৃষ্টি হয়
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii গ) i ও ii ঘ) i, ii ও iii

১৫. ★ 'ফাতরাতুল ওহি' অর্থ কী?
ক) ওহির বিরতি কাল খ) ওহির অবতরণ কাল
গ) ওহির প্রথম অবতরণ ঘ) ওহির সমাপ্তি কাল

১৬. ★ ইজমার মাধ্যমে—
ক) আইনের কারণ ও হুকুম নির্ধারণ করা যায়
খ) সাদৃশ্যপূর্ণ বিধানের সাথে তুলনা করা যায়
গ) আগত দিনের সমস্যা সমাধান করা যায়
ঘ) মানুষের মাঝে ঐক্য সৃষ্টি করা যায়

Teachingbd24.com

https://teachingbd24.com

**নিচের উদ্দীপকের আলোকে ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব রাশিদের মনে প্রশ্ন জাগে যে, আজকের যুগে প্রচলিত অনেক বিষয় রাসুল (স) ও সাহাবাদের যুগে বিদ্যমান ছিল না। গবেষকগণ এর কিছু বৈধ আবার কিছু অবৈধ বলে মত দিয়ে থাকেন। যে বিষয়ে কুরআন ও হাদিসে স্পষ্ট কিছু বলা নেই তা বৈধ বা অবৈধ হয় কী করে? রাশিদের বন্ধু রফিক বলেন, প্রচলিত বিষয়াদিতে কুরআন ও হাদিসে বর্ণিত অনুরূপ বিষয়ের বৈধ বা অবৈধ হওয়ার কারণ বিদ্যমান থাকলে তাকে বৈধ বা অবৈধ বলা যাবে। যেমন— পবিত্র কুরআনে মদকে হারাম বলা হয়েছে। মদ হারাম হওয়ার কারণ নেশা। অতএব নেশা সৃষ্টিকারী বস্তু যে নামেই হউক তা হারাম হবে।

১৭. রফিকের বক্তব্যে যে বিদ্যমান কারণের উল্লেখ আছে তাকে কিয়াসের পরিভাষায় কী বলা হয়?
ক) আসল খ) ইল্লত
গ) ফারা ঘ) হুকমুল আসল

১৮. উদ্দীপকে বর্ণিত বিষয়টির মাধ্যমে—
i. নতুন উদ্ভূত সমস্যার সমাধান করা যায়
ii. মানুষের সামাজিক মর্যাদা বৃদ্ধি পায়
iii. মানুষের বিচার বুদ্ধি ও চিন্তার প্রয়োগ করা যায়
নিচের কোনটি সঠিক?
ক) i খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৯. ইমাম আবু হানিফা (র) জন্মগ্রহণ করেন—
ক) কুফায় খ) বসরায় গ) মদিনায় ঘ) বাগদাদে

২০. সূরা-বাকারার আলোকে অদৃশ্যে বিশ্বাস এবং পরকালে বিশ্বাস কাদের চারিত্রিক বৈশিষ্ট্য?
ক) আলেম খ) আবিদ গ) মুত্তাকি ঘ) মুজতাহিদ

২১. ইমানের সর্বোৎকৃষ্ট শাখা কোনটি?
ক) লা ইলাহা ইল্লাল্লাহু বলা
খ) সালাত আদায় করা
গ) রাস্তা থেকে কষ্টদায়ক বস্তু সরিয়ে দেয়া
ঘ) অন্যায় কাজ করতে লজ্জা পাওয়া

২২. وانجيناكم من ال فرعون يسومونكم سوء العذاب يذبحون ابناء كم ويستحيون نساء كم وفى ذالكم بلاء من ربكم عظيم- বনি ইসরাইলের প্রতি ফেরাউনের নির্যাতনকে আয়াতে কী বলে আখ্যায়িত করা হয়েছে?
ক) অভিশাপ খ) প্রতিফল গ) শাস্তি ঘ) পরীক্ষা

২৩. আদিব সকালবেলা মক্তবে পড়তে যায়। আকিল বলল, "তুমি মক্তবে কী পড়?" আদিব বলল, "আমি এমন একটি গ্রন্থ পড়ি যা আল্লাহর পক্ষ থেকে এসেছে এবং যেটি পড়া ইসলামে সর্বোত্তম ইবাদত।" আদিবের বক্তব্যে ফুটে উঠেছে—
ক) কুরআন সংকলনের গুরুত্ব
খ) বাস্তব জীবনে কুরআনের প্রয়োগ
গ) কুরআন অবতরণের গুরুত্ব
ঘ) কুরআন তিলাওয়াতের ফজিলত

২৪. ★ "নিশ্চয় ঐ ব্যক্তি মানুষের মাঝে সর্বাধিক নিকৃষ্ট যার অশ্লীলতার কারণে মানুষ তাকে পরিত্যাগ করে।" হাদিসটি বাস্তব জীবনে অনুসরণ করলে সমাজে—
i. অশ্লীলতা ও অন্যায় আচরণ হ্রাস পাবে
ii. মানুষের সম্মান ও ব্যক্তিত্ব বৃদ্ধি পাবে
iii. মানুষের বিচার ক্ষমতা বৃদ্ধি পাবে
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii গ) i ও ii ঘ) i, ii ও iii

২৫. ★ নিচের কোনটি সিহাহ সিত্তার অন্তর্ভুক্ত?
ক) মিশকাতুল মাসবিহ খ) মুসনাদ-ই আহমদ
গ) মুয়াত্তা ইমাম মালিক ঘ) সুনানে ইবনে মাজাহ

২৬. পবিত্র কুরআন আল্লাহর পক্ষ থেকে যেভাবে নাজিল হয়েছিল এখনো সেভাবেই অবিকৃত অবস্থায় বিদ্যমান, কারণ—
ক) সংরক্ষণের দায়িত্ব স্বয়ং আল্লাহ গ্রহণ করেছেন
খ) রাসুল (স) নিজে পরিপূর্ণ কুরআনের পাণ্ডুলিপি তৈরি করেন
গ) সাহাবাগণ সবাই পবিত্র কুরআন মুখস্ত করতেন এবং লিখে রাখতেন
ঘ) হযরত ওমর (রা) কুরআনে হরকত সংযোজন করেন

২৭. জাকাত (الزكوة) অর্থ কী?
ক) একত্রিত করা খ) তুলনা করা
গ) পবিত্র করা ঘ) পুরস্কৃত করা

২৮. اولئك الذين اشتروا الضلالة بالهدى فما ربحت تجارتهم وما كانوا مهتدين- আয়াতের মর্মার্থ—
ক) মুনাফিকরা ব্যবসা-বাণিজ্যে উন্নতি লাভ করতে পারবে না
খ) মুনাফিকরা ব্যবসা-বাণিজ্যে মানুষকে ধোঁকা দেয়
গ) মুনাফিকরা কপটতার মাধ্যমে ব্যবসা বাণিজ্যে সুবিধা লাভ করে
ঘ) মুনাফিকরা সত্যের পথে চলেন না, তারা পথভ্রষ্ট

**নিচের উদ্দীপকের আলোকে ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও।**
'ক' প্রায়শ 'খ' এর বিরুদ্ধে বন্ধুমহলে বিভিন্ন কথা বলে বেড়ায়। একদিন 'ক' তার বন্ধু শহিদকে বলল, "খ" হিংসুক প্রকৃতির মানুষ। সে মানুষের উন্নতি সহ্য করতে পারে না।" শহিদ বলল, "রাসুল (স) বলেছেন, 'মু'মিন কখনো নিন্দাকারী, অভিসম্পাতকারী ও অশ্লীল ভাষী হতে পারে না'।"

২৯. ★ উদ্দীপকে বর্ণিত 'ক' এর চরিত্রকে কী বলা হয়?
ক) লানত খ) গিবত
গ) জুলুম ঘ) ফখর

৩০. ★ উদ্দীপকে হাদিসটি আমল করলে—
i. হিংসা-বিদ্বেষ মুক্ত সমাজ গঠিত হবে
ii. মানুষের নৈতিক চরিত্র উন্নত হবে
iii. সমাজে ভ্রাতৃত্ব ও সম্প্রীতি বৃদ্ধি পাবে
নিচের কোনটি সঠিক?
ক) i খ) i ও ii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঘ | ২ | খ | ৩ | ক | ৪ | খ | ৫ | গ | ৬ | ক | ৭ | ক | ৮ | ক | ৯ | গ | ১০ | ক | ১১ | গ | ১২ | খ | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | ক |
| ১৬ | খ | ১৭ | খ | ১৮ | ক | ১৯ | ক | ২০ | গ | ২১ | ক | ২২ | ঘ | ২৩ | ঘ | ২৪ | গ | ২৫ | ঘ | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | ঘ | ২৯ | খ | ৩০ | ঘ |

https://teachingbd24.com